দৈনিক ইত্তেফাক

25 OCT 2017

# ১৫ বছর পর এমপিও ফিরে পেল মির্জাপুরের নতুন কহেলা কলেজ

## শিক্ষক-কর্মচারীদের মাঝে আনন্দ

■ **মির্জাপুর(টাঙ্গাইল) সংবাদদাতা**

সুপ্রিম কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির নেতৃত্বে পাঁচ সদস্যের,বিচারিক বেঞ্চের রায়ে ১৫ বছর পর এমপিওভুক্ত ফিরে পেল উপজেলার নতুন কহেলা কলেজ । গত রবিবার সুপ্রিম কোর্ট-এর পক্ষে রায় প্রদান করেন। রায় ঘোষণার পর কলেজের শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে আনন্দ ছড়িয়ে পড়ে । প্রত্যন্ত অঞ্চলে বিশাল এলাকা নিয়ে গড়ে উঠা নতুন কহেলা কলেজ প্রতিষ্ঠার ১৫ বছরেও এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবন যাপন করছিলেন। মঙ্গলবার কলেজের অধ্যক্ষ ইমাম হোসেন মো. ফারুক এমপিওভুক্তির বিষয়টি নিশ্চিত করেন।

কলেজ সূত্র জানায়, দক্ষিণ মির্জাপুরের বহুরিয়া, ভাওড়া,, ভাদগ্রাম, ওয়াশী ও বানাইল ইউনিয়নের অবহেলিত ও যোগাযোগ বিচ্ছিন্ন এ এলাকায় শিক্ষা বিস্তারের লক্ষ্যে দানবীর ও সমাজ সেবক মো. নাসির উদ্দিন বাবুল একটি কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন। এলাকার শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সহযোগিতায় তিনি বিপুল টাকা ব্যয়ে ২০০২ সালে কহেলা এলাকায় মনোরম পরিবেশে নতুন কহেলা কলেজটি প্রতিষ্ঠা করেন। স্থানীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা প্রশাসন ও জেলা প্রশাসনের সার্বিক সহায়তায় অল্পদিনের মধ্যে ভালো কলেজ হিসেবে এটি পরিচিতি লাভ করে। ২০১০ সালে প্রথম দফায় কলেজটি এমপিওভুক্ত হলেও দ্বিতীয় দফায় রহস্যজনক কারণে এমপিওভুক্তি থেকে বাদ পড়ে। নতুন কহেলা কলেজকে কেন এমপিওভুক্তি দেওয়া হবে না এই মর্মে কলেজ কর্তৃপক্ষ ২০১৪ সালে হাইকোর্টে মামলা দায়ের করেন। ২০১৫ সালে কলেজের পক্ষে রায় ঘোষণা করে হাইকোর্ট। হাইকোর্টের রায়ের বিপক্ষে সরকার ২০১৬ সালে আপিল করে। আপিলের প্রেক্ষিতে গত ২২ অক্টোবর সুপ্রিম কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আব্দুল ওহাব মিঞার নেতৃত্বে বিচারপতি মো. সৈয়দ মাহমুদ হোসাইন, বিচারপতি মো. ইমান আলী, বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী, বিচারপতি মির্জা হোসাইন হায়দারসহ ৫ সদস্য বিশিষ্ট বেঞ্চ সরকারের আপিল খারিজ করে দিয়ে নতুন কহেলা কলেজের দেওয়া হাইকোর্টের রায় বহাল রাখে।

এদিকে বর্তমানে এই কলেজের সভাপতির দায়িত্ব পালন করছেন টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান সাবেক এমপি জননেতা ফজলুর রহমান খান ফারুক। বর্তমানে দক্ষ শিক্ষকমণ্ডলী ও পরিচালনা পরিষদের সার্বিক সহযোগিতায় কলেজের শিক্ষার পরিবেশ ঢেলে সাজানো হয়েছে।